


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলা : জয়পুরহাট।
www.lged.gov.bd



স্মারক নং: ৪৬.০২.৩৮০০.৪০৩.৯৯.০০২.১৭-৭৬৬

তারিখ: ২৮/০৬/২০২০ ইং

“তালিকাভুক্ত ঠিকাদার লাইসেন্স নবায়ন এবং অগ্রহী নতুন ঠিকাদার তালিকাভুক্ত করণ সংক্রান্ত নোটিশ”

এতদ্বারা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অত্র জয়পুরহাট জেলার তালিকাভুক্ত সকল ঠিকাদার প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী এলজিইডি, বগুড়া অঞ্চল, বগুড়া মহোদয়ের স্মারক নং : ৪৬.০২.০০০০.১৬৫.৯৯.০০৯.১৭.৩২২ তারিখ: ২১/০৬/২০২০ ইং মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২০২০-২০২১ অর্থ বৎসরে ক্রয়কার্য সম্পাদনের জন্য তালিকাভুক্ত ঠিকাদার নবায়ন করা প্রয়োজন। বিধায় নিম্নে উল্লিখিত তারিখ পর্যন্ত নবায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সংশোধিত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৫২(৩)(গ) উপ-বিধিতে বর্ণিত তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন ফি বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা নির্ধারিত কোড নং-১-৩৭৩১-০০০০-১৮৫৪ তে এবং জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী তালিকাভুক্ত নবায়ন ফি-এর উপর ১৫% ভ্যাট বাবদ = ৩০০/- (তিন শত) টাকা নির্ধারিত কোড নং-১-১১৩৩-০০২০-০৩১১-তে ট্রেজারী চালানোর মাধ্যমে জয়পুরহাট সোনালী ব্যাংক প্রধান শাখায় জমা প্রদান পূর্বক চালানোর মূলকপি উল্লিখিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করে তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে তালিকাভুক্ত কোন ঠিকাদার নবায়নে ব্যর্থ হলে উক্ত সময়ের পর সীমিত দরপত্রের পদ্ধতির আওতায় ২০২০-২০২১ অর্থ বৎসরে আহবানকৃত কোন দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য যে, তালিকাভুক্ত ঠিকাদারগণ কেবলমাত্র বগুড়া অঞ্চলে আওতাধীন জেলাগুলোর (বগুড়া, জয়পুরহাট) প্রকাশিত দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন। অর্থাৎ এক অঞ্চলের তালিকাভুক্ত ঠিকাদার অন্য অঞ্চলের কোন জেলায় দরপত্রে অংশগ্রহণের সুযোগ নেই।

সংশোধিত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৫২(৪) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকার অভ্যন্তরীণ কার্যক্রয়ের ক্ষেত্রে তালিকাভুক্তি হতে ইচ্ছুক অগ্রহী ঠিকাদারগণের অতীতে সম্পাদিত ক্রয়কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হবে না। বিধায় ২০২০-২০২১ ইং অর্থ বছরে নতুনভাবে তালিকাভুক্তি হতে ইচ্ছুক অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদন ফরম আগামী ৩০/১০/২০২০ ইং তারিখ পর্যন্ত অত্র দপ্তর হতে সংগ্রহ ও জমা প্রদান করা যাবে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানার জন্য অনুরোধ করা হলো।

তালিকাভুক্ত ঠিকাদার লাইসেন্স নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ	নতুন তালিকাভুক্ত ফরম সংগ্রহ ও জমা প্রদানের শেষ তারিখ
৩০/০৯/২০২০ ইং	৩০/১০/২০২০ ইং

(এফ.এম. খায়রুল ইসলাম)

নির্বাহী প্রকৌশলী

ফোন: ০৫৭১-৬৩৫৫৯

xen.joypurhat@lged.gov.bd

তারিখ: ২৮/০৬/২০২০ ইং

স্মারক নং: ৪৬.০২.৩৮০০.৪০৩.৯৯.০০২.১৭-৭৬৬/১(২০০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী এলজিইডি, এলজিইডি ভবন, সদর দপ্তর, ঢাকা-১২০৭।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, বগুড়া অঞ্চল, বগুড়া।
- ৫। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ৬। পুলিশ সুপার, জয়পুরহাট।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট।
- ৮। মেয়র, ----- জেলা: জয়পুরহাট।
- ৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: বগুড়া।
- ১০। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ বাপাউবো/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, জেলা: জয়পুরহাট।
- ১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা:-----, জেলা: জয়পুরহাট।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা:-----, জেলা: জয়পুরহাট।
- ১৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জেলা: জয়পুরহাট।
- ১৪। মেসার্স/ জনাব -----
- ১৫। সম্পাদক, দৈনিক জয়পুরহাট খবর, জয়পুরহাট। এই নোটিশটি আপনার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে আগামী ১০/০৭/২০২০ ইং ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে ০২(দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ।
- ১৬। নোটিশ বোর্ড।

(এফ.এম. খায়রুল ইসলাম)

নির্বাহী প্রকৌশলী

ফোন: ০৫৭১-৬৩৫৫৯

xen.joypurhat@lged.gov.bd